

বিভক্তির সাতকাহন - ১৩

ভজন সরকার

কবিতার পাঠকও প্রবাসে হয়ে ওঠেন কবিতার লেখক । হয়তো ঠোঁটে আওড়াতে আওড়াতে কিছু ঢুকে যায় পেটের ভেতর । কিং বা এর থেকে ওর থেকে দু'চার লাইন ধার করে গাঁথা হয় কবিতা নামক কিছু বস্তু । প্রায় দু'দশক আগে কলেজে আবদুললাহ আবু সাইয়িদ স্যারের সে আধুনিক কবিতার সংজ্ঞা মনে পড়ে । আধুনিক কবিতার দূরাবস্থা বর্ণনায় স্যার প্রায়ই ব্যঙ্গাত্মক ভাষায় বলতেন , যে কোন কবির সবগুলো কবিতা থেকে বেছে বেছে কিছু শব্দ সমান পরিমাপে প্রত্যেক লাইনে বসিয়ে দিলে যে দূর্বোধ্যতার আবহ ও ব্যক্তনা তৈরি হয়-সেটাই আধুনিক কবিতা । ছোট বেলা থেকে আকাশের দিকে ঘাড় উঁচু করে তাকিয়ে থাকা নিতান্তই মফস্বলের সরল ছেলেটির মনে ভীষন পীড়া দিতো স্যারের কথা ।

জেলার সব চেয়ে ভাল রেজালট করা ছেলেটির কবিতা লেখার সুনামও এলাকায় তখন ছড়িয়ে গেছে সংবাদের “ খেলাঘরের ” পাতা আর রেডিওর “ কথাকলি ” আসরে কবিতা পাঠের সৌজন্যে । ঢাকা কলেজে ভর্তি হয়ে দেখলাম মেধা তালিকার প্রায় সবগুলো ছেলেই আমার সহপাঠী । সেদিনই মহাআনন্দে মাকে প্রায় দু'পাতার একটা চিঠি পাঠালাম যে দিন আবিষ্কার করলাম, বোর্ডে মেধা তালিকায় প্রথম স্থান পাওয়া ছেলেটি অনেক বিষয়েই আমার চেয়ে কম নম্বর পেয়েছে । আর বাংলায় তো আমার ধারে কাছেও নেই । ছোট বেলা থেকেই মায়ের কাছ থেকে বঙ্কিম আর শরৎ চন্দ্রের সম্পূর্ণ ভিন্ন শব্দ আর বাক্য বিন্যাসের সাহিত্য পাঠ একটুকু হলেও বাংলা লেখায় যে আস্থা আর মেকি উন্মাসিকতার জন্ম দিয়েছিলো , তা বহুগুণে বেড়ে গেলো তখন । ভেতরে ভেতরে কবিতা লেখার এক সুগুণ বাসনা জেগে উঠলো মনে । কিন্তু চিরাচরিত কবি হ'বার কিংবা কবিদের মতো হ'বার ইচ্ছে হয়নি কখনই । তাই বোধ হয় এ জীবনে আর কবি হওয়া হয়ে উঠলো না আমার ।

যা হোক, ছড়া দিয়ে শুরু করে স্বরবৃত্ত-মাত্রাবৃত্ত হয়ে ছন্দহীন আধুনিক কবিতা লেখার যে সুগুণ বাসনা ছিল , আবদুললাহ আবু সাইয়িদ স্যারের আধুনিক কবিতার সংজ্ঞা শুনে সেটা উবে গেলো নিমিষেই । আক্ষরিক অর্থেই বেশ হতাশ হলাম আমি । সে সময়েই লেখা আমার প্রথম এবং এ পর্যন্ত লেখা একটিই ছোট গল্প - যা ঢাকা কলেজ থেকেই প্রকাশিত সাহিত্য পত্রিকায় ছাপা হয় স্যারেরই পৃষ্ঠপোষকতায় ।

আসলেই কি এর মাথা ওর ঘাড়ে আর ওর মুণ্ডু এর গর্দানে লাগালেও কবিতা হয়ে ওঠে? পরে বুঝেছি, মানুষের মতো দেখালেও সব মানুষ যেমন মানুষ না । ঠিক তেমনি সবই কবিতা নয় - যদিও তা কবিতার মতো দেখায় । অনেকেই আছেন কবি নয় কিন্তু কবির মতো দেখাতে ভালবাসেন ।

প্রবাসে এসেই প্রথম দেখলাম , কবির মতো দেখায় এমন অনেককেই । ডলার ভাঙ্গিয়ে পাওয়া প্রচুর টাকা খরচ করে কবিতার মতো দেখায় এমন কিছু বাংলাদেশ থেকে ছাপিয়ে এনে কবিতা নামে চালিয়ে দিয়ে বাহবা নিচ্ছেন অনেকেই । একই কাব্যের চার -চার বার প্রকাশনা উৎসব হচ্ছে দেশে বিদেশে । পাঠককে পড়িয়ে-শুনিয়ে-গিলিয়ে যেভাবেই হোক কবিতার মতো- কবির মতো হওয়া চাই-ই । প্রবাসের এ ব্যস্ততাময় জীবনে এ অনন্ত সময় কোথায় আর লাভ-ই বা কি ? লাভ বোধ হয় আছে ।

বর্তমানে টরেন্টো প্রবাসী প্রখ্যাত চিত্রশিল্পী সৈয়দ ইকবালের একটা লেখায় পড়েছিলাম - একটা চিত্র প্রদর্শনী বা লেখার পর অসংখ্য রমণীর চিঠি কিংবা টেলিফোন পান প্রবাসেও এ পড়ন্ত জীবনে । কবিতার প্রতি - কবির প্রতি নারী হৃদয়ের একটা তীব্র আকর্ষণ বোধ হয় শাস্ত্রত । এখানেই কবির মতো হ'বার সার্থকতা । কবির মতো হয়ে প্রবাসের অনেকেই ভাঙছেন নিজের অথবা অন্যের ঘর । অনন্ত হৃদয়ে আকঁড়ে ধরছেন কবিতার মৌ । আর সে মেকি কবিতার সুবাসে কত রকম আমোদে ঘুরছে কবিতার রমণীরা । কিন্তু হয় !

মাঝে মাঝে সুবিশাল ঘন নীল লোক সুপিরিয়রের পাড়ে বসে ভাবি , সে অনন্ত প্রেম আর অফুরন্ত হৃদয় কোথায় এ হতভাগার ! শেষের কবিতার নিবারন চক্রবর্তী-র মতো কোন অলৌকিক শক্তি যদি ভর করতো এখন ! অথবা ঋজু কোন পাহাড়ের বাঁকে গাড়িতে ধাক্কা খেতো কোন লাভন্য ! কিংবা নিতান্ত-ই কোন কেতকী মিত্রের আধুনিকতার উত্তাপে অতিষ্ঠ হয়ে ব্যাকুল হতো হৃদয় ! তবেই বোধ হয় কবি হওয়া হয়ে উঠতো এ জীবনে আমার !

(চলবে)

॥ আগ স্ট, ২০০৬, কানাডা ॥